PROGRESSIVE

# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

**সম্মানিত শেয়ারহোল্ডারগণ**
**আস্‌সালামু আলাইকুম,**

প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড এর পরিচালকমন্ডলী এবং আমি অত্র কোম্পানীর ২০তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের স্বাগত জানাচ্ছি। পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং ৩১শে ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরপেক্ষ নিরীক্ষকের প্রতিবেদনসহ আর্থিক বিবৃতি আপনাদের সামনে উপস্থাপন করতে পারায় আমি সত্যিই আনন্দিত এবং এটি সত্যিই আমাদের সকলের জন্য পরম আনন্দের।

**বাংলাদেশের অর্থনীতি ২০১৯ ঃ একটি পর্যালোচনা ;**

২০১৮-২০১৯ অর্থবছরে বাংলাদেশের অর্থনীতির প্রবৃদ্ধি ঘটেছে আকর্ষণীয় ৮.১৩ শতাংশ হারে, যা বলিষ্ঠ সামষ্টিক অর্থনৈতিক ভীত এর পরিচায়ক। ২০১৯ অর্থ বছরে সেবা খাতে প্রবৃদ্ধি ঘটেছে ৬.৫০ শতাংশ হারে। ২০১৯ অর্থ বছরে শিল্প প্রবৃদ্ধি হয়েছে ২৩.৪০ শতাংশ হারে। আরেকটি সম্ভাবনার চিত্র আমরা দেখি জিডিপিতে বেসরকারী বিনয়োগের হিসাবে-২০১৯ খ্রিঃ অর্থবছরে প্রবৃদ্ধি ২৩-৪০ শতাংশ হারে বৃদ্ধি পেয়েছে। এটি সরকারের অর্থনৈতিক উন্নয়ন ও বে-সরকারী বিনিয়োগ এর কারনে বজায় রাখা সম্ভব হয়েছে।

**বাংলাদেশের বীমা শিল্প ঃ**

দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে জীবন বীমা শিল্প একটি অবিচ্ছেদ্য অংশ, যা প্রবৃদ্ধি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জীবনের ঝুঁকি বহন ছাড়াও জীবন বীমা সঞ্চয় সৃষ্টি করে, সঞ্চয় সৃষ্টি করে বিনিয়োগ, বিনিয়োগ সৃষ্টি করে মূলধন আর মূলধন বাড়িয়ে তুলে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে। দেশে ৩২টি লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী বিদ্যমান থাকা সত্ত্বেও দেশে জীবন বীমা খাত হতে জাতীয় প্রবৃদ্ধিতে হার ০.৫০ শতাংশ, যা জীবন বীমা শিল্পের বেহাল অবস্থা প্রকাশ করে। এই খাতের ভবিষ্যৎ উন্নয়ন সরকারের সার্বিক সহযোগিতার উপর নির্ভরশীল হয়ে পড়েছে।

**কোম্পানীর ব্যবসার অগ্রগতি ঃ**

সম্মানিত শেয়ারহোল্ডারগণের দৃষ্টি আকর্ষন করে আনন্দের সাথে জানাতে চাই যে, বীমা প্রতিষ্ঠান সমূহের মাঝে প্রবল প্রতিযোগিতা এবং ইমেজ সংকটের মধ্যেও ২০১৯ খ্রিঃ সালটি হচ্ছে কোম্পানীর অন্যতম সাফল্যের বছর। এটা সম্ভব হয়েছে, আমাদের শক্তিশালী মাঠকর্মী, সুসংহত সাংগঠনিক কাঠামো, ব্যবসার গুনগতমান, দক্ষ প্রশাসনিক ব্যবস্থা, উন্নত গ্রাহকসেবা প্রদানের দিকে লক্ষ্য রেখে ব্যবসায়িক কৌশল নির্ধারণ ও বাস্তবায়নে সার্বক্ষনিক প্রচেষ্টা।

**মোট প্রিমিয়াম ঃ**

কোম্পানীর ২০১৮ খ্রিঃ সালে মোট প্রিমিয়াম অর্জিত হয় ৬৫২.০২ মিলিয়ন টাকা এবং ২০১৯ খ্রিঃ সালে মোট প্রিমিয়াম অর্জিত হয় ৬০৫.৮০ মিলিয়ন টাকা অর্থাৎ মোট প্রিমিয়াম প্রবৃদ্ধি/হ্রাসের হার (৭.০৯%)।

**লাইফ ফান্ড ঃ**

২০১৮ খ্রিঃ সালে ২৭৫৬.০১ মিলিয়ন টাকা এবং পরবর্তী ২০১৯ খ্রিঃ সালে ২৭৬৯.৬৪ মিলিয়ন টাকা কোম্পানীর লাইফ ফান্ডে বৃদ্ধি পেয়েছে, যেখানে প্রবৃদ্ধির হার ০.৫০%।

**বিনিয়োগের উপর অর্জিত আয় ঃ**

কোম্পানী ২০১৮খ্রিঃ সালে ২৯৩৭.৭৯ মিলিয়ন টাকার বিনিয়োগের উপর অর্জিত আয় ২৪৮.৩৮ মিলিয়ন টাকা এবং ২০১৯ খ্রিঃ সালে ২৯৪৩.৬৫ মিলিয়ন টাকার বিনিয়োগের উপর অর্জিত আয় ২৬৫.১২ টাকা, যা গত বছরের তুলনায় আয়ের হার ৬.৭৪% বৃদ্ধি পেয়েছে।

**মোট সম্পদ ঃ**

কোম্পানীর ২০১৮ খ্রিঃ সালে মোট সম্পদের পরিমাণ ছিল ৩৩৩৫.৮৮ মিলিয়ন টাকা এবং ২০১৯ খ্রিঃ সালে মোট সম্পদের পরিমাণ ৩৩৩৬.৩৯ মিলিয়ন টাকা। যেখানে মোট প্রবৃদ্ধির হার ০.৫১ মিলিয়ন টাকা ।

**মোট প্রিমিয়াম ঃ**

প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ ২০১৮ সনে ৬৫২.০২ মিলিয়ন টাকার বিপরীতে ২০১৯ সনে ৬০৫.৮০ মিলিয়ন টাকা মোট প্রিমিয়াম অর্জন করেছে, প্রবৃদ্ধি/হ্রাসের হার (৭.০৯%) ।

*বিগত পাঁচ বছরের মোট প্রিমিয়ামের আয়ের অবস্থান নিম্নে প্রকাশ করা হলোঃ*

(মিলিয়ন)

| | |
|---|---|
| ২০১৫ | ৮৯০.১৮ |
| ২০১৬ | ৮০৫.৫৩ |
| ২০১৭ | ৭৪৬.১২ |
| ২০১৮ | ৬৫২.০২ |
| ২০১৯ | ৬০৫.৮০ |

**পরিকল্প সমূহ/প্রকল্প অনুসারে প্রিমিয়াম আয়ঃ**

২০১৯ খ্রিঃ সাল অনুযায়ী সকল পরিকল্প সমূহ/প্রকল্প অনুসারে আনুপাতিক প্রিমিয়াম আয়ের বিবরণী নিম্নে প্রকাশ করা হলোঃ-

*বিগত পাঁচ বছরের মোট প্রিমিয়ামের আয়ের অবস্থান নিম্নে প্রকাশ করা হলোঃ*

(মিলিয়ন)

| সাল | একক | সুজন | ইসলামী বীমা তাকাফুল | সুহৃদ | দারুচ্ছালাম |
|---|---|---|---|---|---|
| ২০১৫ | ৬৯১.৫৭ | ১১৫.৪১ | ১৮.৯৮ | ২৫.১৬ | ৩.৮৬ |
| ২০১৬ | ৬৩৮.৩০ | ৮৯.২২ | ১৭.৫৫ | ২১.২৯ | ৪.৬৫ |
| ২০১৭ | ৫৯৮.৯০ | ৮৫.৭৭ | ১৭.৪৫ | ১০.৮৯ | ১.১৮ |
| ২০১৮ | ৫২৭.৯৭ | ৭৪.৮০ | ১৪.৫৮ | ৭.৫৭ | ০.৮২ |
| ২০১৯ | ৫০৭.৫১ | ৬৮.২৬ | ১৪.৫৩ | ৫.৯০ | ১.৫২ |

**বিনিয়োগ আয় ঃ**

কোম্পানীর ২০১৯ খ্রিঃ সালে ২৬৫.১২ মিলিয়ন টাকা বিনিয়োগ আয় অর্জন করেছে, যাহা ২০১৮ খ্রিঃ সালে ছিল ২৪৮.৩৮ মিলিয়ন টাকা, যেখানে বৃদ্ধির পরিমাণ ৬.৭৪% ।

*বিগত পাঁচ বছরের বিনিয়োগের উপর অর্জিত আয়ের অবস্থান নিম্নে প্রকাশ করা হলোঃ*

(মিলিয়ন)

| | |
|---|---|
| ২০১৫ | ২৩৮.৫৯ |
| ২০১৬ | ২৩৩.৭৯ |
| ২০১৭ | ২৫৩.৮৪ |
| ২০১৮ | ২৪৮.৩৮ |
| ২০১৯ | ২৬৫.১২ |

এফডিআর এর সুদের হার হ্রাস পাওয়ায় বিনিয়োগ আয়ের বৃদ্ধির হার কমেছে ।

**মোট আয় ঃ**

প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ ২০১৯ খ্রিঃ সালে মোট আয় করেছে ৮৭২.৮২ মিলিয়ন টাকা, যা ২০১৮ খ্রিঃ সালে ছিল ৯০৩.০৮ মিলিয়ন টাকা, প্রবৃদ্ধি/হ্রাসের হার (৩.৩৫%)।

*বিগত পাঁচ বছরের মোট আয়ের অবস্থান নিম্নে প্রকাশ করা হলোঃ*

(মিলিয়ন)

| | |
|---|---|
| ২০১৫ | ১২২৯.৪৪ |
| ২০১৬ | ১০৩৯.৫৮ |
| ২০১৭ | ১০০৪.২৭ |
| ২০১৮ | ৯০৩.০৮ |
| ২০১৯ | ৮৭২.৮২ |

**দাবী পরিশোধ ঃ**

২০১৯ খ্রিঃ সালে পলিসি গ্রাহকদেরকে মেয়াদ উত্তীর্ণজনিত দাবী, সার্ভাইভাল সুবিধাজনিত দাবী, মৃত্যুজনিত দাবী এবং দূর্ঘটনাজনিত দাবী সংক্রান্ত পরিশোধিত অর্থের পরিমাণ ছিল ৫৫১.২৯ মিলিয়ন টাকা, যা ২০১৮ খ্রিঃ সালের ৫৭৯.৪৯ মিলিয়ন টাকার তুলনায় ৪.৮৭% কম। এই খাতে পরিশোধিত অর্থের পরিমাণ বৃদ্ধি পাবার কারণ হচ্ছে মৃত্যুজনিত দাবীর পরিমাণ বৃদ্ধি পাওয়াসহ মেয়াদপূর্তি এবং সার্ভাইভাল সুবিধাজনিত অর্থ প্রদান। কোম্পানীর প্রতিষ্ঠালগ্ন থেকে, ইস্যুকৃত লাইফ ইন্স্যুরেন্স পলিসিসমূহ দিনের পর দিন বৃদ্ধি পেয়ে চলেছে। একই সময় মেয়াদ উত্তীর্ণজনিত দাবী, সার্ভাইভাল সুবিধাজনিত দাবী, মৃত্যুজনিত দাবী এবং দুর্ঘটনাজনিত দাবী যথাক্রমে বীমা গ্রহীতাকে পরিশোধ করা হচ্ছে। যার ফলশ্রুতিতে, দাবী পরিশোধের চিত্র ধারাবাহিকভাবে উর্ধ্বমূখী। প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড সবসময় দাবী সঠিকভাবে সম্পন্ন করেছে।

*বছর ভিত্তিক বিগত পাঁচ বছরের বীমা দাবি পরিশোধের পরিমান নিম্নে প্রকাশ করা হলোঃ*

(মিলিয়ন)

| | |
|---|---|
| ২০১৫ | ৫৩৩.০৩ |
| ২০১৬ | ৫৪০.২০ |
| ২০১৭ | ৫৬৪.৬৯ |
| ২০১৮ | ৫৭৯.৪৯ |
| ২০১৯ | ৫৫১.২৯ |


**লাইফ ফান্ড ঃ**

কোম্পানীর আয়-ব্যয় শেষে আলোচ্য বছর ২০১৯ খ্রিঃ এ লাইফ ফান্ড আরো ১৩.৬৩ মিলিয়ন টাকা যোগ হয়েছে। বছর শেষে সর্বমোট লাইফ ফান্ডের পরিমাণ হচ্ছে ২৭৬৯.৬৪ মিলিয়ন টাকা, যা ২০১৮ খ্রিঃ সালের তুলনায় ০.৪৯% বেশি।

*বিগত পাঁচ বছরের লাইফ ফান্ডের অবস্থান নিম্নে প্রকাশ করা হলো ঃ*


(মিলিয়ন)

| | |
|---|---|
| ২০১৫ | ২৭০০.৬৭ |
| ২০১৬ | ২৭০৯.৪৬ |
| ২০১৭ | ২৭০৭.১৭ |
| ২০১৮ | ২৭৫৬.০১ |
| ২০১৯ | ২৭৬৯.৬৪ |





| | 2019 | 2018 | 2017 | 2016 | 2015 |
|---|---|---|---|---|---|
| First Year | 131.32 | 127.67 | 187.84 | 184.13 | 222.04 |
| Renewal | 466.40 | 498.07 | 526.35 | 586.88 | 632.95 |
| Group Insurance | 8.08 | 26.28 | 31.93 | 34.52 | 35.19 |
| Gross Premium | 605.80 | 652.02 | 746.12 | 805.53 | 890.18 |

## Gross Premium





| | 2019 | 2018 | 2017 | 2016 | 2015 |
|---|---|---|---|---|---|
| Gross Premium | 605.8 | 652.02 | 746.12 | 805.54 | 890.18 |
| Management Expenses | 287.71 | 299.71 | 341.05 | 380.07 | 423.86 |
| Mgt Exp. % on Gross premium | 47.49 | 45.97 | 45.71 | 47.18 | 47.62 |

## Management Expenses





| | 2019 | 2018 | 2017 | 2016 | 2015 |
|---|---|---|---|---|---|
| Death Claim | 15.75 | 12.65 | 11.94 | 12.66 | 18.30 |
| Maturity | 323.37 | 363.66 | 425.30 | 400.30 | 313.05 |
| Surrender | 5.70 | 10.10 | 16.36 | 20.09 | 20.29 |
| Survival Benefit | 118.54 | 137.19 | 172.41 | 174.91 | 240.84 |
| Group claim | 54.41 | 2.46 | 7.40 | 9.93 | 2.44 |
| Hospitalization | 1.77 | 1.93 | 2.75 | 3.23 | 3.94 |
| Total | 519.54 | 527.99 | 636.16 | 621.12 | 598.86 |
| Growth | 1.60% | 17.00% | 2.42% | 3.72% | 15.67% |


## Claim Settlement





## Investment




## Life Fund




## Assets




## Product Wise Premium

**ঝুঁকি ব্যবস্থাপনা ঃ**

ঝুঁকি একটি অনিশ্চয়তা বা ক্ষতির সম্ভাবনা। ঝুঁকি বীমা ব্যবসায় একটি গুরুত্বপূর্ণ অংশ। যৌক্তিক ঝুঁকি ব্যবস্থাপনার অনুশীলন বীমা শিল্পের দীর্ঘমেয়াদী সফলতার মৌলিক ভিত্তি। ঝুঁকি ব্যবস্থাপনার মাধ্যমে সকলের স্বার্থ সংরক্ষণ করাই প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ এর মূল লক্ষ্য। এরই ধারাবাহিকতায়, বিশ্বাস ও আস্থার মাধ্যমে জীবন বীমা প্রতিষ্ঠান হিসাবে আমরা সুনাম বৃদ্ধি করব, যাহা সমাজের প্রতি দায়িত্ব পালনে পূর্ণতা লাভ করবে।

**শেয়ারহোল্ডারগণের লভ্যাংশ এবং পলিসি হোল্ডারদের বোনাস ঃ**

এ্যাকচুয়ারি জনাব ডঃ মোহাম্মদ সোহরাব উদ্দিন পিএইচডি(ইউএসএ), এআইএ(ইউকে), এফএসএ(ইউএসএ), এর সুপারিশ অনুযায়ী কোম্পানীর পরিচালনা পর্ষদ ৩১শে ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ পর্যন্ত ইস্যুকৃত পলিসির দায়ের উপর কোম্পানীর সম্পদের এ্যাকচুয়ারীয়াল ভ্যালুয়েশনের ফলাফল এবং কোম্পানীর ভবিষ্যৎ সম্পদ বিনিয়োগ ও সম্প্রসারণের বিষয় বিবেচনায় রেখে মোট ১০% স্টক (stock dividend) ডিভিডেন্ড (বোনাস শেয়ার) প্রদানের সুপারিশ করেছে। পরিচালনা পর্ষদ এ্যাকচুয়ারীয়াল ভ্যালুয়েশন ফলাফলের ভিত্তিতে কোম্পানীর সম্মানিত বীমা গ্রাহকদের জন্যও বর্ধিত হারে পলিসি বোনাস ঘোষণা করেছে।

**কর্মচারীদের সুবিধা ঃ**

কর্মচারীদের কল্যান সাধনে কোম্পানী সব সময় অগ্রাধিকার দিয়ে থাকে। কোম্পানীর কর্মকর্তা ও কর্মচারীদের কল্যানার্থে কোম্পানীর পরিচালনা পর্ষদ ভবিষ্যৎ তহবিল, গ্র্যাচুয়িটি, গোষ্ঠী বীমা এবং উৎসব ভাতা প্রদান করে থাকে।

**সামাজিক দায়বদ্ধতা ঃ**

সমাজের প্রতি দায়বদ্ধতা কোম্পানী স্বীকার করে এবং উহা পরিপালনে সচেষ্ট থাকে। গ্রাহক, কর্মকর্তা, কর্মচারী, শেয়ারহোল্ডার, ব্যবসায়িক সহযোগী এবং সর্বোপরি সমাজ আমাদের কোম্পানীর সামাজিক দায়বদ্ধতার আওতাভূক্ত।

**২০২০ খ্রিঃ সালের পূর্বাভাস ঃ**

২০২০ খ্রিঃ সালে প্রতিযোগিতার বাজারে অবতীর্ণ হতে কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিম্নলিখিত ব্যবস্থাদি গ্রহণ করেছে ঃ

১। সারা দেশব্যাপী বিক্রয় ব্যবস্থা সম্প্রসারণ।
২। গ্রাহক সেবার উপর গুরুত্ব প্রদান;
৩। ব্যবস্থাপনা ব্যয় আইনগতঃ সীমার মধ্যে রাখার জন্য ব্যবসা বৃদ্ধিতে পদক্ষেপ;
৪। বিনিয়োগ আয় বৃদ্ধি;
৫। দক্ষতার সহিত ব্যবসা পরিচালনা;
৬। নতুন ও মান সম্পন্ন পণ্য বাজারজাতকরণ;

**পরিচালনা পর্ষদ এবং নিরীক্ষা কমিটি সভায় উপস্থিতি ঃ**

২০১৯ বছরের মধ্যে, পরিচালনা পর্ষদ ১১ বার, নির্বাহী কমিটি ০৩ বার এবং নিরীক্ষা কমিটি ০৩ বার সভা অনুষ্ঠিত হয়েছে। এই প্রতিবেদনে পরিচালকগণের উপস্থিতি রেকর্ড দেখানো হয়েছে। সভায় অনুপস্থিত ছিলেন এমন পরচালকগণের অনুপস্থিতির অনুমোদন করা হয়েছে। বীমা আইন অনুসারে কোম্পানী সভায় উপস্থিত হওয়ার জন্য পরিচালকদের সভা ফি প্রদান করে।

**উদ্যোক্তা পরিচালক নির্বাচন ঃ**

কোম্পানীর সংঘবিধিমালার ৯৪, ৯৫ ও ১০৬ বিধি বিধান অনুযায়ী নিম্নলিখিত উদ্যোক্তা পরিচালকগণ Alphabetic order-এ অবসর গ্রহন করবেন।

১। জনাব জাকারিয়া আহাদ
২। জনাব বাবেল মিয়া
৩। জনাব কামাল মিয়া

নিম্নবর্ণিত উদ্যোক্তা শেয়ারহোল্ডারগণ নামের ইংরেজী আদ্যক্ষর অনুসারে (Alphabetic order) উদ্যোক্তা পরিচালক হিসাবে নির্বাচিত করে।

১। জনাব জাকারিয়া আহাদ
২। জনাব গোলাম মোস্তফা আহমেদ
৩। জনাব আব্দুল মালিক

**পাবলিক শেয়ারহোল্ডার পরিচালক নির্বাচন ঃ**

প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ এর সংঘ স্মারক ও বিধির ১০৬ অনুচ্ছেদ, বীমা আইন ২০১০ এর ৭৬ ধারার আলোকে এবং প্রচলিত বিধি বিধান অনুযায়ী ০৪ (চার) জন শেয়ারহোল্ডার পরিচালক নির্বাচিত হবেন। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, পাবলিক শেয়ারহোল্ডার পরিচালক নির্বাচনের বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকা যথাক্রমে- দৈনিক সমকাল ও দি ডেইলী নিউ নেশন পত্রিকায় প্রকাশ করা হয়।

**নিরপেক্ষ পরিচালক নিয়োগ ঃ**

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের ৭ই আগষ্ট ২০১২ তারিখের আদেশ (নং-এসইসি/সিএমআর আর সিডি/২০০৬-১৫৮/১৩৪/অ্যাডমিন/৪৪অনুযায়ী গত ৪ জানুয়ারী, ২০১৮ খ্রিঃ তারিখ হতে জনাব সেলিম রেজা এফসিএ স্বতন্ত্র পরিচালক হিসাবে পরবর্তী (০৩) বছর নিরপেক্ষ পরিচালকের দ্বায়িত্ব পালন করছেন।

**নিরীক্ষক নিয়োগ ঃ**

কোম্পানী আইন, ১৯৯৪ এর ধারা ২১০ অনুসারে কোম্পানীর বিধিবদ্ধ নিরীক্ষক মেসার্স হোসাইন ফরহাদ এন্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস ১৯তম বার্ষিক সাধারণ সভায় অবসর নিবেন বিধায়, ২০১৯ খ্রিঃ আর্থিক বছরের জন্য বিধিবদ্ধ নিরীক্ষক মেসার্স এম এম রহমান এন্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্স কে ভ্যাট বাদে এবং ট্যাক্স কর্তন সাপেক্ষে ২,৭০,০০০/= (দুই লক্ষ সত্তর হাজার) টাকা পারিতোষিক সাব্যস্তে যোগ্য বিধায় অত্র কোম্পানীর নিরীক্ষক হিসাবে পুন:নিয়োগ দেয়ার বিষয়ে পরিচালনা পর্ষদ অনুমোদন সুপারিশ করেছে।

**কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স নিরীক্ষক নিয়োগ ঃ**

২০১৯ খ্রিঃ সালের জন্য Corporate Governance Compliance Auditor হিসাবে ভ্যাট বাদে এবং ট্যাক্স কর্তন সাপেক্ষে ২৫,০০০/= (পঁচিশ হাজার) টাকা পারিতোষিক সাব্যস্তে Corporate Governance Compliance Auditor হিসাবে Fames & R, Chartered Accountants-কে Corporate Governance Auditor হিসাবে পুন:নিয়োগ দেয়ার বিষয়ে পরিচালনা পর্ষদ অনুমোদনের সুপারিশ করেছে।

**প্রাতিষ্ঠানিক সুশাসন ঃ**

নির্বাহী, নিরীক্ষা, দাবী, প্রশাসন, অর্থ ইত্যাদি বিষয়ে বিভিন্ন কমিটি/উপ-কমিটি গঠন করা হয়েছে। কোম্পানীর প্রাতিষ্ঠানিক কার্যক্রমের পর্যালোচনা, দিক নির্দেশনা এবং ব্যবসায়ের বিভিন্ন ঝুঁকি ও অব্যবস্থা হতে সুরক্ষার জন্য এ কমিটিগুলো কাজ করে।

**পরিচালনা পর্ষদ সভার সংখ্যা ও উপস্থিতিঃ**

২০১৯ সালে পরিচালকমন্ডলী নিম্নবর্ণিত সংখ্যক সভায় অংশ গ্রহন করেছেন।

| নাম | পদমর্যাদা | সভার সংখ্যা | উপস্থিতি |
|---|---|---|---|
| জনাব জাকারিয়া আহাদ | চেয়ারম্যান | ০২ | ০২ |
| জনাব মিজানুর রহমান | ভাইস-চেয়ারম্যান | ১১ | ১১ |
| জনাব আব্দুল মালিক | পরিচালক | ১১ | ১১ |
| জনাব গোলাম মোস্তফা আহমেদ | পরিচালক | ১১ | ১১ |
| জনাব বজলুর রশীদ এমবিই | পরিচালক | ১১ | ১১ |
| জনাব বাবেল মিয়া | পরিচালক | ১১ | ১১ |
| জনাব কামাল মিয়া | পরিচালক | ১১ | ১১ |
| জনাব নাদিয়া শাহ্ | পরিচালক | ১১ | ১১ |
| জনাব খুরশীদ আলম (ইসি সিকিউরিটিজ লিমিটেড এর প্রতিনিধি) | পরিচালক | ১১ | ১১ |
| জনাব ওয়াপি এস এম খান (গ্রীণ ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর প্রতিনিধি) | পরিচালক | ১১ | ১১ |
| জনাব নাজিম তাজিক চৌধুরী | পরিচালক | ১১ | ১১ |
| জনাব নাহিদ চৌধুরী | পরিচালক | ১১ | ১১ |
| জনাব সেলিম রেজা এফসিএ, এফসিএস | স্বতন্ত্র পরিচালক | ১১ | ১১ |

**উদ্বৃত্ত পত্র পরবর্তী ঘটনা ঃ**

আর্থিক প্রতিবেদন পরবর্তীতে উদ্বৃত্ত পত্রে কোন প্রকার তথ্য সন্নিবেশিত করা হয়নি, যার ফলে এই তথ্যের ব্যবহারকারী কোন প্রকার আর্থিক ক্ষতিগ্রস্ত হয় নাই এবং যথাযথ মূল্যায়ন করতে পেরেছে।

**আর্থিক বিবরণীর স্বচ্ছতা ঃ**

কোম্পানী আইন ১৯৯৪ এবং সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ রুল্স ১৯৮৭ এর সাথে সঙ্গতিপূর্ণ রেখে আর্থিক প্রতিবেদনের নোটগুলি তৈরী করা হয়েছে। এই প্রতিবেদনগুলি কোম্পানীর কার্যাবলীর ফলাফল, নগদ প্রবাহ এবং ইক্যুইটিতে পরিবর্তনগুলি মোটামুটিভাবে উপস্থাপন করা হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ৩ জুন, ২০১৮ খ্রিঃ তারিখের কর্পোরেট গভর্নেন্স কোডের প্রয়োজনীয়তা অনুসারে মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং প্রধান অর্থ কর্মকর্তা আর্থিক বিবরণীর স্বচ্ছতা সম্পর্কে ঘোষণা দিয়েছেন, যা রিপোর্টের পৃষ্ঠা নং-৩৯ এ দেখানো হয়েছে।

**আর্থিক বিবরণীর প্রস্তুতিকরণ ঃ**

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ স্বচ্ছতার সহিত আর্থিক বিবরণী তৈরী করেছে, যার ফলাফলে পরিচালনা, নগদ প্রবাহ এবং ইক্যুইটি পরিবর্তনের তথ্য রয়েছে। এই প্রতিবেদন আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান (IFRS), বাংলাদেশের আর্থিক প্রতিবেদন মান (BFRS), বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ রুল্স ১৯৮৭, ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর লিষ্টিং রেগুলেশন-২০১৫ এবং বীমা আইন ২০১০ অনুযায়ী তৈরী করা হয়েছে।

২০১৯ খ্রিঃ সালের আর্থিক প্রতিবেদন কোম্পানীর পরিচালনা পর্ষদের নিরীক্ষা কমিটি দ্বারা পর্যালোচনা করে পরিচালনা পর্ষদে প্রেরণ করা হয়েছে। শেয়ারহোল্ডারদের দ্বারা নিযুক্ত চার্টার্ড এ্যাকাউন্ট্যান্স, বহিঃ নিরীক্ষক এম এম রহমান এন্ড কোং চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস ৩১শে ডিসেম্বর, ২০১৯ এর সমাপ্ত বছরের জন্য আর্থিক প্রতিবেদনগুলির স্বচ্ছতার সনদ প্রদান করেছেন।

**আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং পরিপালন ঃ**

নিরীক্ষা কমিটি পরিচালনা পর্ষদের একটি সহায়ক কমিটি। এই কমিটি আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা পদ্ধতির কার্যকারিতা পর্যালোচনা করে, কার্যকর নিরীক্ষা প্রক্রিয়া এবং বিভিন্ন ঝুঁকি পরিচালনা করে। নিরীক্ষা কমিটির প্রতিবেনের আভ্যন্তরীণ নিরীক্ষাকার্য কোম্পানীর ব্যবস্থাপনা কাঠামোর অন্যান্য দিকগুলির স্বাধীনভাবে পরিচালনা করে। এটি ক্রমাগতভাবে কোম্পানীর আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পদ্ধতি পর্যালোচনা করে থাকে। আর্থিক নিয়ন্ত্রণগুলি এতে অন্তর্ভূক্ত করা আছে, যা পর্ষদের হিসাব সংরক্ষনের সততা এবং নির্ভুলতার জন্য পরিচালনা পর্ষদকে সহায়তা করে। সেই হিসাব সংরক্ষণ থেকে প্রস্তুত কোম্পানী প্রয়োজনীয় আইন এবং মান বজায় রেখে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে। আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতি ও কার্যকরভাবে নিয়ন্ত্রণ করা হয়।

**কর্পোরেট গর্ভনেন্স পরিপালন প্রতিবেদন ঃ**

প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ ৪১ থেকে ৫২ পৃষ্ঠায় বর্ণিত কর্পোরেট গভর্নেন্স নীতির যথাযথভাবে অনুসরণ করে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন দ্বারা প্রয়োজনীয় কর্পোরেট গভর্নেন্স এর সকল শর্ত পালন করে। তদুপরি, কর্পোরেট গভর্নেন্স এর চেকলিস্ট এই প্রতিবেদনের সাথে সংযুক্ত করে দেখানো হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক প্রদত্ত ৩ জুন, ২০১৮ খ্রিঃ তারিখের কর্পোরেট গভর্নেন্স কোড এর নির্দেশনা অনুসারে, Fames & R, Chartered Accountants Firms কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স সার্টিফিকেট এই প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে। (পৃষ্ঠা নং-৪০ )

**শেয়ারহোল্ডিং প্যাটার্ন ঃ**

শেয়ারহোল্ডিং প্যাটার্ন পৃষ্ঠা নং-৫৪ এ সরবরাহ করা হয়েছে।

**জাতীয় এক্সচেঞ্জার এর প্রতিবেদন ঃ**

প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ  নিয়মিত ভাবে প্রত্যক্ষ ও পরোক্ষ কর সময়মত পরিশোধ করে। দেশের সুপ্রতিষ্ঠিত জীবন বীমাকারী প্রতিষ্ঠান প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ আর্থিক বৎসরে সকল প্রকার ট্যাক্স, ভ্যাট, ডিউটিজ ভোক্তাদের নিকট থেকে আদায় করে মোট ১৬.০৯ মিলিয়ন টাকা রাজস্ব খাতে জমা করেছে।

**বহিঃ নিরীক্ষক এর প্রতিবেদন ঃ**

কোম্পানীর বহিঃনিরীক্ষক এম এম রহমান এন্ড কোং চার্টার্ড এ্যাকাউন্ট্যান্স ৩১শে ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ সালের আর্থিক হিসাবের ভিত্তিতে যে প্রতিবেদন প্রদান করেছে তা পর্যালোচনা করেছে। নিরীক্ষায় উক্ত প্রতিবেদনে কোন উল্লেখযোগ্য পার্থক্য পাওয়া যায় নাই।

**পরিচালকমন্ডলীর দায়িত্বাবলীর বিবৃতিঃ**

কোম্পানীর আর্থিক বিবরণী প্রস্তুত এবং উপস্থাপনায় পরিচালকমন্ডলী তাদের দায়িত্বের বিষয়ে নিশ্চিত করেন যে ঃ-

১. কোম্পানী আইন ১৯৯৪, বীমা আইন ২০১০, বীমা বিধি ১৯৫৮ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বিধি ১৯৮৭ এর বিধানবলীর সাথে কোম্পানী কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী এবং এতদ্বসঙ্গীয় নোটসমূহ সঙ্গতিপূর্ন;

২. কোম্পানীর বার্ষিক হিসাব প্রস্তুতকালে হিসাব বিজ্ঞানের মান অনুযায়ী সম্পন্ন করা হয়েছে এবং এতদসম্পর্কিত ব্যাখ্যা বিবৃতি হয়েছে;

৩. পরিচালকমন্ডলীর হিসাব বিজ্ঞানের নীতিমালা নির্দিষ্ট করে সামঞ্জস্যরূপে প্রয়োগ, বিচার বিশ্লেষণ দ্বারা নিশ্চিত হয়েছেন যে, আলোচ্য হিসাবাদিতে কোম্পানীর স্বচ্ছ চিত্র প্রতিফলিত হয়েছে;

৪. কোম্পানী আইন ১৯৯৪, বীমা আইন ২০১০, বীমা বিধি ১৯৫৮ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বিধি ১৯৮৭ এর বিধানবলীতে বর্ণিত আইন ও বিধিবিধান মেনে কোম্পানীর হিসাবে প্রতারণা ও অনিয়মের বিষয়ে নিরাপত্তা বিধান ও অনুসন্ধান দ্বারা কোম্পানীর সম্পদ রক্ষণাবেক্ষণে পরিচালকমন্ডলী যথোপযুক্ত ও যথেষ্ঠ যত্মশীল ছিলেন;

PROGRESSIVE

৫. পরিচালকমন্ডলী 'চলমান প্রক্রিয়ায়' বার্ষিক হিসাব প্রস্তুত করেছেন ।

৬. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুপরিকল্পিত এবং কার্যকরভাবে প্রয়োগকৃত এবং নিয়মিতভাবে পর্যবেক্ষণকৃত;

৭. গত পাঁচ বছরের হিসাবের উপাত্ত 'আর্থিক আলোকপাত' আকারে সংযোজিত হলো ।

**কৃতজ্ঞতা জ্ঞাপনঃ**

পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আমরা আমাদের সকল সম্মনীত শেয়ারহোল্ডার, পরিচালকবৃন্দ, শরীয়াহ কাউন্সিলের সদস্যবৃন্দ, সম্মানীত পলিসি গ্রাহকগণ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট মন্ত্রনালয়, রিজিষ্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ও চট্টগ্রামের স্টক এক্সচেঞ্জ কর্তৃপক্ষ, সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লিমিটেড, আমাদের ব্যাংকারগন ও অন্যান্য সকল শুভাকাংখীগণকে আস্থা, সহযোগিতা ও সমর্থন প্রদানের জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি । কোম্পানীর সার্বিক উন্নয়নে সকল এক্সিকিউটিভ, কর্মকর্তা ও কর্মচারী এবং মাঠ পর্যায়ের বিপণন কর্মকর্তাগণকে তাদের অক্লান্ত পরিশ্রম ও প্রচেষ্টার কারণে ৬০.৫৮ কোটি টাকা অর্জনে সক্ষম হওয়ায় আমরা আপনাদের আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি । আপনাদের সম্মিলিত প্রচেষ্টায় ব্যবসার লক্ষমাত্রা শুরু হওয়ায় আমরা ১০% স্টক লভ্যাংশ (বোনাস শেয়ার) প্রদানের সুপারিশ করতে পেরেছি । এসবই সম্ভব হয়েছে আপনাদের জন্য ।

**উপসংহারঃ**

এ বার্ষিক সাধারন সভায় যোগদান করে সভাকে সাফল্যমন্ডিত করার জন্য আমি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করছি । পরিশেষে আমি মহান আল্লাহ তায়ালার নিকট আগামী দিনগুলোতে কোম্পানীর অব্যাহত উন্নতি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করছি ।

আল্লাহ হাফেজ ।
পরিচালনা পর্ষদের পক্ষে,

**জাকারিয়া আহাদ**
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ ।

# Directors' Report

Honorable shareholders

Assalamualaikum,

The Board of Directors of Progressive Life Insurance Company Limited and I welcome you to the 20th Annual General Meeting of this company. I am really pleased to present to you the Board of Directors' Report and financial statements including the report of the Independent Auditor for the financial year ended 31st December, 2019, and it is a great pleasure for all of us.

**Bangladesh Economy 2019: A Review;**

In the 2018-2019 financial years, the economic growth of Bangladesh has been at an attractive rate of 8.13 percent, which is indicative of a strong macroeconomic base. In the fiscal year 2019, the growth in the service sector has been at a rate of 6.50 percent. In the financial year 2019, the industrial growth has been at the rate of 23-40 percent. Another possibility we see is that as a result of private investment in GDP, growth has increased at a rate of 23-40 percent in FY 2019. This has been made possible by the government's economic development and non-government investment.

**Insurance Industry in Bangladesh:**

The life insurance industry is an integral part of the country's economic growth, which plays an important role in growth development. In addition to bearing the risk of life, life insurance creates savings; savings create investment, investment creates capital and capital increases economic growth. Despite the existence of 32 life insurance companies in the country, the rate of national growth from the life insurance sector in the country is 0.50 percent, revealing the poor state of the life insurance industry. The future development of this sector has become dependent on the overall cooperation of the government.

**Company Business Progress:**

We would like to draw the attention of the esteemed shareholders and would like to inform that 2019 is one of the most successful years of the company despite the fierce competition among the insurance companies and image crisis. This has been made possible by our strong fieldworkers, integrated organizational structure, quality of business, efficient administrative system, and constant efforts in determining and implementing business strategies aimed at providing improved customer service.

**Total Premium:**

The company earned a total premium of Tk. 652.02 million in 2018 and a total premium of Tk. 605.80 million in 2019, a growth/ decrease rate of the total premium (7.09%).

**Life Fund:**

The company's life fund has increased by Tk. 2756.01 million in 2018 and Tk. 2769.64 million in 2019, where growth rate is 0.50%.

**Earnings on Investment:**

The company earned an income of Tk. 248.38 million on an investment of Tk. 2937.79 million in 2018 and an income of Tk. 265.12 million on an investment of Tk. 2943.65 million in 2019, an increase of 6.74% over the previous year.

**Total Asset:**

The company had a net asset of Tk.3335.88 million in 2018 and a net asset of Tk.3336.39 million in 2019, where the total growth rate is Tk.0.51 million.

**Total Premium:**

Progressive Life Insurance Company Ltd. has earned a premium of Tk. 652.02 million in 2018 and Tk. 605.80 million in 2019, growth/decrease rate (7.09%).

The following is the income position of total premium for the last five years:

*Million*

| | |
|---|---|
| 2015 | 890.18 |
| 2016 | 805.53 |
| 2017 | 746.12 |
| 2018 | 652.02 |
| 2019 | 605.80 |

**Premium income as per plans/projects:**

The details of the proportional premium income for all the schemes/projects for the year 2019 are published in the figure below:

The following is the income position for the past five years:

*Million*

| Year | Single | Sujan | Islamic Insurance Takaful | Suhrid | Darussalam |
|---|---|---|---|---|---|
| 2015 | 691.57 | 115.41 | 18.98 | 25.16 | 3.86 |
| 2016 | 638.30 | 89.22 | 17.55 | 21.29 | 4.65 |
| 2017 | 598.90 | 85.77 | 17.45 | 10.89 | 1.18 |
| 2018 | 527.97 | 74.80 | 14.58 | 7.57 | 0.82 |
| 2019 | 507.51 | 68.26 | 14.53 | 5.90 | 1.52 |

**Investment income:**

The company has earned an investment income of Tk. 265.12 million in 2019, which was Tk. 248.38 million in 2018, an increase of 6.74%.

The position of income earned over the last five years is as follows:

*Million*

| | |
|---|---|
| 2015 | 238.59 |
| 2016 | 233.79 |
| 2017 | 253.84 |
| 2018 | 248.38 |
| 2019 | 265.12 |

The growth rate of investment income has slowed down due to the reduction in FDR interest rates.

**Total Income:**

Progressive Life Insurance Company Ltd. earned a net income of Tk. 872.82 million in 2019, which was Tk. 903.08 million in 2018, growth/decrease rate (3.35%).

Disclosure of total income position for the last five years:

*Million*

| | |
|---|---|
| 2015 | 1229.44 |
| 2016 | 1039.58 |
| 2017 | 1004.27 |
| 2018 | 903.08 |
| 2019 | 872.82 |

**Claim Payment:**

In 2019, the amount paid to policy customers for expired claims, survival benefits, death claims and accidental claims was Tk. 551.29 million, which is 4.87% less than Tk. 579.49 million in 2018. The reason for the increase in the amount of money spent in this sector is due to the increase in the amount of death claims as well as the payment of maturity and survival benefits. Since the inception of the company, the number of life insurance policies issued has been increasing day by day. At the same time, expired claims, survival benefits, death claims and accidental claims are being paid to the insured respectively. As a result, the image of claim payment is consistently upward. Progressive Life Insurance Company Limited has always fulfilled the claim correctly.

The amount of insurance claims for the last five years based on the year is disclosed below:

*Million*

| | |
|---|---|
| 2015 | 533.03 |
| 2016 | 540.20 |
| 2017 | 564.69 |
| 2018 | 579.49 |
| 2019 | 551.29 |

**Life Fund:**


At the end of the company's income and expenditure, in the year 2019, life fund has increased to Tk. 13.63 million. At the end of the year, the total life fund amount was Tk. 2769.64 million in 2018, which is 0.49% more than in 2018.

The position of the Life Fund for the last five years is illustrated below:

*Million*

| | |
|---|---|
| 2015 | 2700.67 |
| 2016 | 2709.46 |
| 2017 | 2707.17 |
| 2018 | 2756.01 |
| 2019 | 2769.64 |


PROGRESSIVE




| | 2019 | 2018 | 2017 | 2016 | 2015 |
|---|---|---|---|---|---|
| First Year | 131.32 | 127.67 | 187.84 | 184.13 | 222.04 |
| Renewal | 466.40 | 498.07 | 526.35 | 586.88 | 632.95 |
| Group Insurance | 8.08 | 26.28 | 31.93 | 34.52 | 35.19 |
| Gross Premium | 605.80 | 652.02 | 746.12 | 805.53 | 890.18 |

First Year Renewal Group Insurance Gross Premium


## Gross Premium




| | 2019 | 2018 | 2017 | 2016 | 2015 |
|---|---|---|---|---|---|
| Gross Premium | 605.8 | 652.02 | 746.12 | 805.54 | 890.18 |
| Management Expenses | 287.71 | 299.71 | 341.05 | 380.07 | 423.86 |
| Mgt Exp. % on Gross premium | 47.49 | 45.97 | 45.71 | 47.18 | 47.62 |

Gross Premium Management Expenses Mgt Exp. % on Gross premium


## Management Expenses





| | 2019 | 2018 | 2017 | 2016 | 2015 |
|---|---|---|---|---|---|
| Death Claim | 15.75 | 12.65 | 11.94 | 12.66 | 18.30 |
| Maturity | 323.37 | 363.66 | 425.30 | 400.30 | 313.05 |
| Surrender | 5.70 | 10.10 | 16.36 | 20.09 | 20.29 |
| Survival Benefit | 118.54 | 137.19 | 172.41 | 174.91 | 240.84 |
| Group claim | 54.41 | 2.46 | 7.40 | 9.93 | 2.44 |
| Hospitalization | 1.77 | 1.93 | 2.75 | 3.23 | 3.94 |
| Total | 519.54 | 527.99 | 636.16 | 621.12 | 598.86 |
| Growth | 1.60% | 17.00% | 2.42% | 3.72% | 15.67% |

Death Claim Maturity Surrender Survival Benefit Group claim Hospitalization Total Growth


## Claim Settlement





## Investment




## Life Fund




## Assets




## Product Wise Premium

**Risk Management:**

The risk is an uncertainty or the possibility of loss. Risk is an important part of the insurance business. The practice of logical risk management is fundamental to the long-term success of the insurance industry. The main goal of Progressive Life Insurance Company Ltd. is to protect the interests of all through risk management. In continuation of this, we will enhance our reputation as a life insurance company through faith and trust, which will fulfill our responsibility towards the society.

**Shareholders' Dividends and Policyholders' Benefits:**

As per the recommendation of Actuary Dr. Mohammad Sohrab Uddin PhD(USA), AIA(UK), FCA(USA) the Board of Directors of the company has recommended to declare 10% stock dividend for financial year ending 31st December 2019 for every share of 10 (ten) taka worth. The Board of Directors has also announced a policy rate increase for the company's esteemed policy holders based on the actuarial valuation results.

**Employee Benefits:**

The company always gives priority to the welfare of the employees. The Board of Directors of the Company provides provident funds, gratuities, family insurance and festival allowances for the welfare of the officers and employees of the Company.

**Social Responsibility:**

The company acknowledges its responsibility to the society and strives to fulfill it. Policy holders, officers, employees, shareholders, business associates and above all society are part of the social responsibility of our company.

**Forecast for 2020:**

The company's management has taken the following steps to enter the competitive market in 2020:

1. Expansion of sales system across the country.
2. Emphasis on customer service;
3. Steps to increase business to keep management costs within legal limits;
4. Increase in investment income;
5. Conduct business efficiently;
6. Marketing of new and quality products;

**Attendance at Board and Audit Committee meetings:**

In the year 2019, the Board of Directors has met 11 times, the Executive Committee 03 times and the Audit Committee 03 times. This report shows the attendance record of the directors. The absence of operators who were absent from the meeting has been acknowledged. The company pays a meeting fee to the directors for attending the meeting as per the Insurance Act.

**Sponsors Director Selection:**

The following sponsor directors will retire in alphabetic order as per the provisions of Rules 94, 95 and 106 of the Code of Conduct of the Company.

1. Mr. Zakariya Ahad
2. Mr. Babel Miah
3. Mr. Kamal Miah

The following sponsor selects the sponsor director according to the English alphabetical order of the shareholders.

1. Mr. Zakariya Ahad
2. Mr. Gulam Mostafa Ahmed
3. Mr. Abdul Malik

**Election of Public Shareholder Directors:**

Progressive Life Insurance Company Ltd.'s Association Memorandum and Article 106 of the Rules, Section 76 of the Insurance Act 2010 and 04 (four) shareholders will be elected as per the prevailing rules and regulations. It is pertinent to mention here that the notification of election of the Director of Public Shareholder is published in the National Daily, Dainik Samakal and The Daily New Nation respectively.

**Appointment of an Independent Director:**

Bangladesh Securities and Exchange Commission dated 7th August 2012 (No.SEC/CMRRR CD/2006-158/134/Admin/44). Mr. Selim Reza FCA will be the Independent Director for the next (03) years from 4 January, 2018.

**Appointment of auditors :**

Pursuant to Section 210 of the Companies Act, 1994, the statutory auditors of the company, M/s. Hossain Farhad & Co., Chartered Accountants will retire at the 19th Annual General Meeting. The Board of Directors has recommended approval for re-appointment of M/s. M M Rahman & Co., Chartered Accountants as an auditor for the FY 2019 fixing its remuneration of Tk.2,70,000/- (two lakh seventy thousand) excluding VAT and after deducting tax.

**Appointment of Corporate Governance Compliance Auditor:**

Board of Directors recommendation re-employ Fames & R Chartered Accountants as Corporate Governance Auditor for the year 2019, for Tk. 25,000/- (twenty five thousand) excluding VAT and subject to tax deduction.

**Institutional Good Governance:**

Various committees/sub committees have been formed on executive, audit, demands, administration, finance etc. These committees work to review the company's institutional activities, provide guidance and protect it from various business risks and mismanagement.

**Number of Board meetings and attendance:**

In 2019, the Board of Directors has participated in the following number of meetings.

| Name | Rank | No. of meetings | Attendance |
|---|---|---|---|
| Mr. Zakariya Ahad | Chairman | 02 | 02 |
| Mr. Mezanur Rahman | Vice-Chairman | 11 | 11 |
| Mr. Abdul Malik | Director | 11 | 11 |
| Mr. Gulam Mostafa Ahmed | Director | 11 | 11 |
| Mr. Bajloor Rashid MBE | Director | 11 | 11 |
| Mr. Babel Miah | Director | 11 | 11 |
| Mr. Kamal Miah | Director | 11 | 11 |
| Mrs. Nadia Shah | Director | 11 | 11 |
| Mr. Khurshid Alam (represented for EC Security Limited) | Director | 11 | 11 |
| Mr. Wapi SM Khan (Represented for Green Delta Insurance Company Limited) | Director | 11 | 11 |
| Mr. Nazim Tazik Chowdhury | Director | 11 | 11 |
| Mrs. Nahid Chowdhury | Director | 11 | 11 |
| Mr. Selim Reza FCA, FCS | Independent Director | 11 | 11 |

**Event Next to Balance Sheet:**

The financial report did not include any information in the subsequent balance sheet, so that the user of this information did not suffer any financial loss and was able to make a proper assessment.

**Transparency of financial statements:**

Financial reporting nets have been prepared in accordance with the Companies Act, 1994 and the Securities and Exchange Commission of Rules, 1987. These reports outline the results of the company's operations, cash flows and changes in equity. The Chief Executive Officer and the Chief Financial Officer of the Bangladesh Securities and Exchange Commission (BSEC) have announced the transparency of financial statements in accordance with the requirements of the Corporate Governance Code dated June 3, 2018, which is shown on page 39 of the report.

**Preparation of financial statements:**

Management authorities have prepared financial statements with transparency, which includes information on management, cash flow and equity changes. This report has been prepared in accordance with International Financial Reporting Standards (IFRS), Financial Reporting Standards of Bangladesh (BFRS), Bangladesh Securities Exchange Rules 1987, Listing Regulation of Dhaka and Chittagong Stock Exchanges-2015 and Insurance Act 2010.

The financial report for the year 2019 has been reviewed by the audit committee of the board of directors of the company and sent to the board of directors. Chartered Accountants, External Auditor M M Rahman & Co. Chartered Accountants appointed by the shareholders have issued the Certificate of Transparency of Financial Reports for the year ended December 31, 2019.

**Internal control and compliance:**

The Audit Committee is a supporting committee of the Board of Directors. This committee reviews the effectiveness of internal control and management approaches, conducts effective audit processes and manages various risks. The internal audit of the audit committee's report independently manages other aspects of the company's management structure. It is constantly reviewing the company's internal controls and procedures. It includes financial controls, which help the board to maintain the integrity and accuracy of its accounts. The financial statements prepared by the company from the keeping of those accounts have been prepared keeping the necessary laws and standards. Internal control methods are also effectively controlled.

**Corporate Governance Compliance Report:**

Progressive Life Insurance Company Ltd. adheres strictly to the corporate governance policy described on pages 41 to 52. The Bangladesh Securities and Exchange Commission complies with all the requirements of corporate governance. In addition, the Corporate Governance Check list is attached to this report.

Fames & R Chartered Accountants Firms Corporate Governance Compliance Certificate has been attached to this report as per the guidelines of Corporate Governance Code dated June 3, 2018 issued by Bangladesh Securities and Exchange Commission (BSEC). (Page No. 40).

**Shareholding Pattern:**

The pattern of Shareholding is provided in page no 54.

**National Exchanger's Report:**

Progressive Life Insurance Company Ltd. regularly pays direct and indirect taxes on time. Progressive Life Insurance Company Ltd., a well-established life insurance company of the country, has collected all types of taxes, VAT and duties from the consumers in the financial year and has deposited 16.09 million of taka in the revenue sector.

**External auditor's report:**

M M Rahman & Co. Chartered Accountants, an external auditor of the company, reviewed the report for the year ended 31st December, 2019. The audit report did not find any significant differences.

**Statement of Responsibilities of the Board of Directors:**

In preparing and presenting the company's financial statements, the Board of Directors confirms their responsibility to:

1. The financial statements prepared by the company and the accompanying nets are in accordance with the provisions of the Companies Act 1994, Insurance Act 2010, Insurance Rules 1958 and Securities and Exchange Rules 1987;
2. The preparation of the annual accounts of the company has been done in accordance with the standards of accounting and a statement of explanation has been made in this regard;
3. Appropriate, specific to the principles of accounting science of the Board of Directors, has been confirmed by forensic analysis to ensure that the transparent image of the company is reflected in the accounting in question;

4. The Board of Directors was adequate and adequate in maintaining the assets of the company through security provisions and investigations into frauds and irregularities as a company in accordance with the provisions of the Companies Act 1994, Insurance Act 2010, Insurance Rules 1958 and Securities and Exchange Rules 1987;
5. The Board of Directors has prepared an annual account of the ongoing process.
6. Internal control systems are well-planned and effectively implemented and monitored regularly;
7. The data for the last five years is compiled in the form of 'Financial Focus'.

**Acknowledgments:**

On behalf of the Board of Directors, we would like to thank all our esteemed shareholders, directors, members of Shariah Council, esteemed policyholders, Insurance Development and Regulatory Authority, concerned Ministries, Registrar of Joint Stock Companies and Firms, Securities and Exchange Commission, Dhaka and Chittagong Stock Exchange, Central Depository Bangladesh Limited, our bankers and all the other well-wishers for their trust, cooperation and support towards us. We sincerely thank all the executives, officers and employees and field level marketing officers for their tireless work and efforts in the overall development of the company and for being able to earn Tk. 60.58 crore. We've been able to recommend 10% of the stock (Bonus Shares) as the business goal has started with your combined efforts. All this has been possible for you.

**Conclusion:**

I would like to thank everyone again for making this annual General Meeting a success. Finally, I wish May Almighty Allah continue the company's success, advancement and prosperity in the days to come.

Allah hafiz

On behalf of the Board of Directors,

**Zakariya Ahad**

Chairman

Board of Directors